

**ঢাকা মহানগরের চক বাজার থানার চল্পাতলী এলাকায় পরিবেশ অধিদপ্তরের অভিযানে ১ লক্ষ টাকা জরিমানা ও প্রায় ৩ টন  
নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ।**

পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) অনুযায়ী সর্বপ্রকার শপিং ব্যাগ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং ব্যবহার নিষিদ্ধ। উক্ত নিষিদ্ধ পলিথিন শপিং ব্যাগ ব্যবহার বক্সে আজ ২৫/০৬/২০২০ তারিখ সকাল ১১.০০ টার সময় পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ এর নেতৃত্বে ঢাকা মহানগরের চক বাজার থানার চল্পাতলী এলাকায় ১ টি পলিথিন তৈরীর কারখানা ও ১ টি গোড়াউনে অভিযান চালিয়ে আনুমানিক ৩টন পলিথিন ও দানা জব্দ; ১ লক্ষ টাকা জরিমানা ধার্য ও আদায় এবং ২ টি.মামলা দায়ের করেন। এছাড়াও উক্ত অভিযানে সহায়তা করেন পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার সহকারী পরিচালক জনাব এ, কে, এম হাসানুর রহমান (পলাশ), পরিদর্শক জনাব মির্জা আসাদুল কিবরীয়া ও নমুনা সংগ্রহকারী জনাব রাসুল ইয়া বারী (কামাল)। এছাড়াও একই সাথে উক্ত অভিযানে সহায়তা করেন, পরিবেশ অধিদপ্তর, ঢাকা মহানগর কার্যালয়ের সহকারী পরিচালক ও ড্রাফস মান। অভিযানে আইন শৃঙ্খলা রক্ষার্থে ঢাকা মেট্রোপলিটন পুলিশের প্রয়োজনীয় পুলিশ ফোর্স উপস্থিত ছিলেন।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ জানান পলিথিনের বিরুপ প্রতিক্রিয়ায় পরিবেশ ও প্রতিবেশের মারাত্ক ক্ষতি হচ্ছে। ইতোমধ্যে পলিথিনের যথেচ্ছ ব্যবহারের ফলে ছোট বড় শহরের অনেক নদীনালা, দ্রেন বন্ধ হয়ে গেছে। ফলে সামান্য বৃষ্টিতে জলাবদ্ধতা সৃষ্টি হয়ে জনদুর্বোগ সৃষ্টি হচ্ছে। দেশে মহামারী করোনা পরিস্থিতির কারণে এতদিন মোবাইল কোর্ট অভিযান বন্ধ ছিল কিন্তু তা অধিদপ্তরের এনফোর্সমেন্ট অভিযান নিয়মিত অব্যাহত থাকবে। এ জন্য তিনি সবাইকে এর বিরুদ্ধে সচেতন থাকতে এবং পলিথিন ব্যাগ ব্যবহার না করার জন্য আব্দান জানান।

তারিখঃ ঢাকা

২৫/০৬/২০২০

(সালমান চৌধুরী শাওন )

সহকারী পরিচালক

(মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং)

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।